

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ৩৬২৫(আগরতলা, ১০।১)

ধর্মনগর, ১০ জানুয়ারি ২০১৯

ধর্মনগরে জেলা দিব্যাঙ্গজন পুনর্বাসন  
কেন্দ্রের উদ্বোধন

ধর্মনগরে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের জেলা কার্যালয়ের কমপ্লেক্সে গত ৭ জানুয়ারি থেকে উত্তর জেলা দিব্যাঙ্গজন পুনর্বাসন কেন্দ্রের পথ চলা শুরু হয়েছে। এক অনুষ্ঠানে এই কেন্দ্রের উদ্বোধন করেন বিধানসভার উপাধ্যক্ষ বিশ্ববন্ধু সেন। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, এই কেন্দ্র চালু হবার ফলে ধর্মনগর সহ উত্তর ত্রিপুরা জেলার মানুষের বিশেষ করে দিব্যাঙ্গজনদের দীর্ঘ দিনের দাবী পূরণ হলো। এই কেন্দ্রটিতে প্রতি মাসের প্রথম সোমবার ও তৃতীয় সোমবার দিব্যাঙ্গজনদের জন্য শিবির হবে। এই শিবিরে দিব্যাঙ্গজনদের সার্টিফিকেট দেওয়া হবে। উপাধ্যক্ষ বলেন, এর আগে উত্তর জেলার দিব্যাঙ্গজনদের কৈলাসহরে দিব্যাঙ্গজন পুনর্বাসন কেন্দ্র যেতে হতো এবং সেখান থেকে দিব্যাঙ্গজন সার্টিফিকেট সংগ্রহ করতে হতো। এখন থেকে উত্তর ত্রিপুরা জেলার এই কেন্দ্র থেকেই তারা বিভিন্ন সুযোগ সুবিধা গ্রহণ করতে পারবেন। উপাধ্যক্ষ বলেন, এক ত্রিপুরা-শ্রেষ্ঠ ত্রিপুরা গড়তে রাজ্য সরকার কাজ করছে। একাজে তিনি সকলের সহযোগিতা চান। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক রাভেল হেমেন্দ্র কুমার বক্তব্য রাখেন। এছাড়া, বক্তব্য রাখেন ঊনকোটি জেলার জেলাশাসক রবীন্দ্র রিয়াং, ঊনকোটি জেলা দিব্যাঙ্গজন কেন্দ্রের নোডাল অফিসার হরেশ পাল চৌধুরী ও উত্তর ত্রিপুরা জেলার জেলা শিক্ষা আধিকারিক বরুণ দাস। স্বাগত ভাষণ দেন উত্তর ত্রিপুরা জেলার ভারপ্রাপ্ত মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ সন্দীপক রায়। এই অনুষ্ঠানে জেলার কৃষ্ণ দেবনাথ ও দিলীপ কুমার নাথ নামে দুইজনকে দিব্যাঙ্গজন সার্টিফিকেট তুলে দেন অতিথিগণ।

\*\*\*\*\*